

স্মারক নং- ৮২০২ (১) (১) এ,


তারিখঃ ২৬/১১/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৬-এ অধস্তন আদালতের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাদের অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৪-২৫ ডিসেম্বর ২০১৬ খ্রি. তারিখ রোজ শনি ও রবিবার “জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৬” অনুষ্ঠিত হবে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানসহ মাননীয় প্রধান বিচারপতির অভিভাষণ ২৪/১২/২০১৬ খ্রি. তারিখ শনিবার ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এবং নির্ধারিত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অংশগ্রহণে কর্ম অধিবেশন ২৫/১২/২০১৬ খ্রি. তারিখ রবিবার বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। সম্মেলনের প্রথম দিনে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিগণসহ দেশের অধস্তন আদালতের সকল স্তরের বিচার বিভাগীয় কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। এমতাবস্থায়, বুনয়াদি প্রশিক্ষণ কোর্সে এবং সার্ভে এন্ড সেটেলমেন্ট কোর্সে প্রশিক্ষণরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন, ২০১৬ এর প্রথম দিনের অনুষ্ঠানে (আগামী ২৪/১২/২০১৬ খ্রিঃ তারিখ) অংশগ্রহণের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


২৬/১১/১৬

(সোহাগ রজন পাল)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৮৮৪২৯

E-mail: sohag_ar@supremecourt.gov.bd

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা।

অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
৩. মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. মহা-পরিচালক, টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর।
৫. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

